# শিশুদের সুরক্ষায় ইস্তেহার প্রকাশ

**ঝড়-জল-রোদ্দুর**



ঝোড়ো হাওয়া, বৃষ্টি হতে পারে

| সর্বোচ্চ | সর্বনিম্ন |
|---|---|
| ৩৪° | ২২° |

সেলসিয়াসের কাছাকাছি থাকবে

**বৃহস্পতি:** ৩৩.৭° (-২), ২৩.২° (-২)
আপেক্ষিক আর্দ্রতা: সর্বোচ্চ ৮৩ শতাংশ, সর্বনিম্ন ৫৬ শতাংশ। বৃষ্টি: ২.১ মিমি

**সূর্যোদয়:** ৫টা ১৯ **সূর্যাস্ত:** ৫টা ৫৬

**জোয়ার:** সকাল ৮:১৭, রাত ৮:৪৩ | **ভাটা:** দুপুর ১২:২২, রাত ১২:৩৩

এই সময়: শিশুদের কথা ভাবতে হবে পঞ্চায়েতকে। আর তাই আশু পঞ্চায়েত নির্বাচনে শিশুদের ইস্তেহার প্রকাশ্যে আনল শিশুদের নিয়ে কাজ করা দুই স্বেচ্ছাসেবী সংস্থা। বৃহস্পতিবার এক সাংবাদিক সম্মেলনে তাঁরা জানান, রাজ্যের ৬ জেলার ১৯৪ জন শিশুর সঙ্গে আলোচনার পরিপ্রেক্ষিতে এই ইস্তেহার তৈরি করেছেন তাঁরা। নির্বাচনের মুখে, তা বিভিন্ন রাজনৈতিক দলের হাতে তুলে দেওয়া হবে বলে জানায় ওয়েস্ট বেঙ্গল এডুকেশন নেটওয়ার্ক এবং চাইল্ড রাইটস অ্যান্ড ইউ (ক্রাই) সংস্থা। স্কুলে যাবার ভালো ও নিরাপদ রাস্তা থেকে শুরু করে বিদ্যালয়ে বিদ্যুতের সংযোগ, গ্রামস্তরে স্বাস্থ্যকেন্দ্রে চিকিৎসক, সব গ্রামে সক্রিয় শিশু সুরক্ষা কমিটি তৈরি-সহ একাধিক দাবি জানানো হয়েছে শিশুদের তরফে।